

আমার শিশুর কোভিড-19 টিকাটি কেন নেওয়া উচিত?

টিকাটি শিশুদের কোভিড-19 থেকে অসুস্থ হওয়া প্রতিরোধ করতে সাহায্য করে।
টিকাটি কোভিড-19 এর সংক্রমণ কমিয়ে জনসমাজকে সুরক্ষা দেয়।



কোভিড-19 টিকাটি কি শিশুদের এইমুহুর্তে গ্রহণ করা সত্যিই প্রয়োজন?

হ্যাঁ। কোভিড-19 সংক্রমণের ঝুঁকি এখনও বেশী। যত শীঘ্র শিশুরা টিকাটি গ্রহণ করবে, তত বেশী তারা সুরক্ষিত হবে।



আমার ৫-১১ (5-11) বছর বয়সী শিশুটি কোভিড-19 এর কোন টিকাটি পাবে?

কানাডায় ৫-১১ (5-11) বছর বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNtech) টিকাটির একটি ছোট ডোজ (১০ মাইক্রোগ্রাম, যেটা কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের জন্য যেই ডোজটি ব্যবহার করা হয় তার এক-তৃতীয়াংশ) পাবে। ছোট ডোজটি শিশুদের ক্ষেত্রে ভালো কাজ করে কারণ তাদের প্রাপ্তবয়স্কদের চেয়ে অপেক্ষাকৃত শক্তিশালী রোগ-প্রতিরোধ ক্ষমতা রয়েছে। তাদের দুটি ডোজের প্রয়োজন হবে।



কোভিড-19 টিকাটি কি শিশুদের জন্য নিরাপদ?

হেল্থ ক্যানাডা, বহু বিজ্ঞানী এবং গবেষকেরা উপলব্ধ চিকিৎসা-সম্বন্ধীয় প্রমাণ যত্নসহকারে খতিয়ে দেখেছেন এবং তাদের টিকাটির নিরাপত্তা সম্পর্কে বড় ধরনের কোনো উদ্বেগ নেই। কোভিড-19 টিকাটির সবচেয়ে সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়া অন্যান্য টিকায় যে ধরনের মৃদু পার্শ্ব-প্রতিক্রিয়া হয় সেগুলোর মতন, যেমন ইঞ্জেকশন স্থানে ব্যাথা, ক্লান্তি, শরীরে ব্যাথা, মাথাব্যথা, জ্বর, এবং শীত লাগা। কয়েকদিন পর এইসব পার্শ্ব-প্রতিক্রিয়া ভালো হয়ে যায়।

বিরল ক্ষেত্রে, কোভিড-19 টিকাটি গ্রহণ করার পর কিছু কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্ক তরুণ-তরুণীদের হৃদপিণ্ডের মাংসপেশির প্রদাহে (মাইওকার্ডাইটিস - myocarditis) বা হৃদপিণ্ডের বাইরের আন্তরনের প্রদাহে (পেরিকার্ডাইটিস - pericarditis) ভুগেছেন; তাদের অধিকাংশই কয়েকদিনের মধ্যে সুস্থ হয়ে গেছেন। ৫-১১ (5-11) বছর বয়সী শিশুদের গবেষণায় দেখা গেছে যে শিশুরা কোভিড-19 টিকাটি গ্রহণ করেছে, তাদের মধ্যে হৃদপিণ্ডের প্রদাহ (হার্ট ইনফ্লেমেশন - heart inflammation) সংক্রান্ত কোনো ঘটনা ছিল না। কোভিডে অসুস্থ হওয়ার কারণে হৃদপিণ্ডে প্রদাহ হওয়ার সম্ভাবনা টিকাটির চেয়ে অনেক বেশী।

কোভিড-19 টিকাটি শিশুদের সুস্থ থাকতে সাহায্য করতে পারে যাতে তারা স্কুলে থাকতে পারে এবং তাদের বন্ধুদের সাথে সময় কাটাতে পারে। যত শীঘ্র সম্ভব আপনার শিশুকে টিকা প্রদান করুন।

তথ্যটি ৩ ডিসেম্বর ২০২১ (3 ডিসেম্বর 2021) এর অনুযায়ী সঠিক

{ REFUGEE } 613



Funded by:

Financé par :

OCASI
Ontario Council of Agencies Serving Immigrants

WCHH
WOMEN'S COLLEGE HOSPITAL
Healthcare | REVOLUTIONIZED



Immigration, Refugees
and Citizenship Canada

Immigration, Réfugiés
et Citoyenneté Canada